৩

প্রথম আলো

তারিখ AUG 1 1 2006
পৃষ্ঠা ০৭ কলাম ৭

## ইসলামী বিশ্ববিদ্যালয়

# নতুন উপাচার্য নিয়োগ ছাত্র-শিক্ষকদের কর্মসূচি প্রত্যাহার

**ইসলামী বিশ্ববিদ্যালয় প্রতিনিধি**

টানা ২৩ দিন অচলাবস্থা চলার পর অবশেষে গতকাল বৃহস্পতিবার ইসলামী বিশ্ববিদ্যালয়ে নতুন উপাচার্য নিয়োগ দেওয়া হয়েছে। উপাচার্য নিয়োগের পর আন্দোলনরত শিক্ষকেরা তাদের ক্লাস-পরীক্ষা বর্জন কর্মসূচি প্রত্যাহার করে নিয়েছেন। এ ছাড়া শিক্ষার্থীরাও তাদের আন্দোলন কর্মসূচি প্রত্যাহার করে নেন।

ইংরেজি বিভাগের শিক্ষক ও বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতির সভাপতি অধ্যাপক ফয়েজ মোহাম্মদ সিরাজুল হককে নতুন উপাচার্য নিয়োগ দেওয়া হয়। বিশ্ববিদ্যালয়ের চ্যান্সেলর প্রধানমন্ত্রী বেগম খালেদা জিয়া স্বাক্ষরিত শিক্ষা মন্ত্রণালয়ের এক প্রজ্ঞাপনে তাকে চার বছরের জন্য নিয়োগ দেওয়া হয়।

গতকাল নতুন উপাচার্য নিয়োগ করায় শিক্ষক সমিতি অনানুষ্ঠানিকভাবে তাদের কর্মসূচি প্রত্যাহার করে নিয়েছে। তবে সমিতির সাধারণ সম্পাদক ড. শহীদ মো. রেজওয়ান জানান, আগামীকাল শনিবার তারা আনুষ্ঠানিকভাবে কর্মসূচি প্রত্যাহারের ঘোষণা দেবেন। এ ছাড়া ক্লাস ও পরীক্ষা চালুর দাবিতে আন্দোলরত ছাত্রছাত্রীরা গতকাল তাদের কর্মসূচি প্রত্যাহার করে নিয়েছেন।

বিশ্ববিদ্যালয়ের রেজিস্ট্রারের কার্যালয় সূত্র জানায়, নবম উপাচার্য হিসেবে নিয়োগপ্রাপ্ত অধ্যাপক সিরাজুল হক মাদারীপুর সদর থানার অ্যাডভোকেট মরহুম মাজহারুল আনোয়ার ও বেগম সুফিয়া আনোয়ারের ছেলে। তিনি ১৯৮৬ সালে ইসলামী বিশ্ববিদ্যালয়ের ইংরেজি বিভাগের শিক্ষক হিসেবে যোগ দেন। এর আগে তিনি লিবিয়ার রাজধানী ত্রিপোলির আল ফাতাহ ও আলজেরিয়ার আনাবা বিশ্ববিদ্যালয়ে শিক্ষকতা করেছেন।

প্রথমবারের মতো ইসলামী বিশ্ববিদ্যালয়ের ভেতর থেকে উপাচার্য নিয়োগ দেওয়ায় বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন শিক্ষক সংগঠন নতুন উপাচার্যকে অভিনন্দন জানিয়েছে।

গত ১০ জুলাই সাবেক উপাচার্য অধ্যাপক এম রফিকুল ইসলামের পদত্যাগের পর কোষাধ্যক্ষ অধ্যাপক ড. আনোয়ারুল করীমকে ভারপ্রাপ্ত উপাচার্যের দায়িত্ব দেওয়া হয়।